

## সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১১০

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/১০৩. মক্কার ফরাত

بَابُ فَضْلِ مَكَّةَ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَلَيُّ بْنُ مُسْهِرٍ، وَابْنُ الْفُضَيْلِ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، أَبْنَاءِنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ سَابِطٍ، عَنْ عَيَّاشِ بْنِ أَبِي رَبِيعَةَ الْمَخْزُومِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - " لَا تَزَالُ هَذِهِ الْأُمَّةُ بِخَيْرٍ مَا عَظَمُوا هَذِهِ الْحُرْمَةَ حَقًّا تَعْظِيمِهَا فَإِذَا ضَيَّعُوا ذَلِكَ هَلَكُوا " .

বাংলা

৩/৩১১০। আইয়াশ ইবনে আবু রবীআ আল-মাখ্যুমী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এই উম্মাত যত দিন এই হারাম শরীফের যথাযোগ্য সম্মান প্রদর্শন করবে, ততো দিন তারা কল্যাণের মধ্যে থাকবে। কিন্তু যখন তারা তা বিনষ্ট করবে, তখন ধ্বংস হবে।

## English

It was narrated from 'Ayyash bin Abu Rabi'ah (Makhzumi) that the Messenger of Allah (ﷺ) said:

'The goodness of this nation will not cease as long as they revere this sanctuary\* as it is due. But when they lose that reverence, they will be doomed.'

ফুটনেট

আহমাদ ১৮৫৭০, মিশকাত ২৭২৭, যট্টফ আল-জামি ৬২১৩।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. মুহাম্মাদ বিন ফুদায়ল সম্পর্কে ইবনু মাট্টন তাকে সিকাহ বলেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসার বলেন, কোন সমস্যা নেই। আহমাদ বিন

হাস্ত বলেন, তিনি শীয়া মতাবলম্বী। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৫৫৪৮, ২৬/২৯৩ নং পৃষ্ঠা) ২. ইয়ায়ীদ বিন আবু যিয়াদ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু আহমাদ বিন আদী বলেন, তিনি কুফার শীয়াদের একজন। আবু বাকর আল-বায়হাকী ও আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তার হাদিস কেউ বর্জন করেছেন এমর্মে আমার জানা নেই। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি দুর্বল, তার থেকে হাদিস গ্রহণ করা যায় তবে তা দলীলযোগ্য নয়। ইমাম তিরমিয়ি বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। আহমাদ বিন হাস্ত বলেন, তার স্মৃতিশক্তি ভালো ছিল না। ইবরাহীম বিন ইয়াকুব আল-জাওয়ুজানী বলেন, আমি আহলে ইলমদের বলতে শুনেছি, তারা তাকে দুর্বল বলতেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি দুর্বল, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আবদুল বাকী ইবনুল কানি বলেন, তিনি দুর্বল। ইয়াহইয়া বিন মাস্তিন বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৬৯৯১, ৩২/১৩৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44074>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন